



তারিখ: ১২-০৩-২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

১৭ই মার্চ, ২৫শে মার্চ এবং ২৬শে মার্চ পালন উপলক্ষে এন.ইউ'র কর্মসূচী

১৭ই মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস, ২৫শে মার্চ গণহত্যা দিবস এবং ২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য আজ (১২/০৩/১৭) উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত অফিস প্রধানদের সভায় নিম্নবর্ণিত কর্মসূচী গৃহীত হয়।

১. ১৭ই মার্চ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস

মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর নেতৃত্বে সকাল ৮:৩০ টায় ধানমন্ডি ৩২ নম্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।

২. ২৫শে মার্চ গণহত্যা দিবস

দিবসটির স্মরণে জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাস্‌ সিনেট হলে সকাল ১০:৩০ টায় আলোচনা সভার আয়োজন।

৩. ২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস

মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ এর নেতৃত্বে জাতীয় স্মৃতিসৌধ সাভারে সকাল ৭:৩০ টায় পুষ্পস্তবক অর্পণ।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়